রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, জুলাই ১, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ /০১ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০০৪.১৭/৭৮১-মূসক/২০১৭।**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ০৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১০৯-আইন/২০১৪/৭০৪-মূসক রহিতক্রমে, নিম্নে বিধৃত—

(ক) টেবিল-১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে আমদানি পর্যায়ে;

(খ) টেবিল-২ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে উৎপাদন পর্যায়ে; এবং

(গ) টেবিল-৩ এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত মূল্য সংযোজন কর আরোপযোগ্য সেবাসমূহকে—



**মূল্য** ঃ টাকা ৮.০০

উহাদের উপর আরোপণীয় সম্পূরক শুল্ক, যে পরিমাণ উহাদের বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত হয় সেই পরিমাণ, এবং টেবিল-২ এ বর্ণিত পণ্যসমূহ ব্যতীত উক্ত আইনের তৃতীয় তফসিলের প্রথম অংশে বর্ণিত পণ্যসমূহকে উৎপাদন পর্যায়ে (সিগারেট ব্যতীত) এবং টেবিল-৩ এ বর্ণিত সেবা ব্যতীত উক্ত আইনের তৃতীয় তফসিলের দ্বিতীয় অংশে বর্ণিত সেবাসমূহকে উহাদের উপর আরোপণীয় সমুদয় সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**টেবিল-১**

**(আমদানি পর্যায়)**

| **শিরনামা সংখ্যা (Heading No.)** | **সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)** | **পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods)** | **সম্পূরক শুল্ক হার (%)** |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০৪.০২ | ০৪০২.১০.৯০<br>০৪০২.২১.৯০<br>০৪০২.২৯.৯০ | গুঁড়া দুধ: খুচরা বিক্রয়ের জন্য মোড়কজাত নহে (২.৫ কেজির উর্ধ্বে) | শূন্য |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস (গ্যাসীয় অবস্থায়) | শূন্য |

**টেবিল-২**

**(উৎপাদন পর্যায়)**

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১৯.০২ | সংশ্লিষ্ট এইচ,এস, কোড | Cooked পাস্তা | ১০ |
| ২০.০৯ | সকল এইচ,এস, কোড | ফলের রস ও ফ্রুট ড্রিংক | ১০ |
| ২১.০৬ | ২১০৬.৯০৯০ | পরিবেশনের জন্য প্রস্তুত এইরূপ সকল ধরনের বার্গার, স্যান্ডউইচ, চিকেন ফ্রাই, ফ্রেঞ্চ ফ্রাইজ, হট ডগ, পিৎসা | ১০ |
| ২২.০১ | সকল এইচ,এস, কোড | মিনারেল ওয়াটার (৩ লিটার পর্যন্ত) | ৫ |
| ২২.০২ | ২২০২.১০.০০ | কোমল পানীয় | ২৫ |
| | ২২০২.৯০.০০ | এনার্জি ড্রিংক | ২৫ |
| ২৪.০২ | ২৪০২.৯০.০০ | (ক) যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার বিযুক্ত) | |
| | | (১) ৮ শলাকার প্যাকেটের খুচরা মূল্য ৪ টাকা | ৩০ |
| | | (২) ১২ শলাকার প্যাকেটের খুচরা মূল্য ৬ টাকা | ৩০ |
| | | (৩) ২৫ শলাকার প্যাকেটের খুচরা মূল্য ১২.৫০ টাকা | ৩০ |
| | | (খ) যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরি বিড়ি (ফিল্টার সংযুক্ত) | |
| | | (১) ১০ শলাকার প্যাকেটের মূল্য ৬ টাকা | ৩৫ |
| | | (২) ২০ শলাকার প্যাকেটের মূল্য ১২ টাকা | ৩৫ |
| ২৪.০৩ | ২৪০৩.৯৯.০০ | জর্দা ও গুল | ১০০ |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস (গ্যাসীয় অবস্থায়) | ৯৩.২৪ |
| ৩২.০৮ হইতে ৩২.১০ | সংশ্লিষ্ট এইচ,এস, কোড | পেইন্টস | ৫ |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৩৩.০৪ | | সৌন্দর্য্য অথবা প্রসাধন সামগ্রী এবং ত্বক পরিচর্যার প্রসাধন সামগ্রী (ঔষধে ব্যবহৃত পদার্থ ব্যতীত), সানস্ক্রিন বা সান ট্যান সামগ্রী; হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রীসহ: | |
| | ৩৩০৪.১০.০০ | ওষ্ঠাধার প্রসাধন সামগ্রী | ১০ |
| | ৩৩০৪.২০.০০ | চক্ষু প্রসাধন সামগ্রী | ১০ |
| | ৩৩০৪.৩০.০০ | হাত, নখ বা পায়ের প্রসাধন সামগ্রী | ১০ |
| | ৩৩০৪.৯১.০০ | পাউডার, চাপযুক্ত হউক বা না হউক | ১০ |
| | ৩৩০৪.৯৯.০০ | অন্যান্য | ০ |
| ৩৩.০৫ | | কেশ পরিচর্যায় ব্যবহৃত সামগ্রী: | |
| | ৩৩০৫.১০.০০ | শ্যাম্পু | ১৫ |
| | ৩৩০৫.২০.০০ | কেশ স্থায়ীভাবে তরঙ্গায়িত অথবা সরল করিবার প্রসাধনী | ১০ |
| | ৩৩০৫.৩০.০০ | কেশ বার্ণিশ (Hair Lacquer) | ১০ |
| | ৩৩০৫.৯০.০০ | অন্যান্য | ১০ |
| ৩৩.০৭ | ৩৩০৭.১০.০০ | শেভের আগে, শেভের সময় বা শেভের পরে ব্যবহার্য সামগ্রী | ১০ |
| | ৩৩০৭.২০.০০ | শরীরের দুর্গন্ধ এবং ঘাম দূরীকরণে ব্যবহৃত সামগ্রী (আতর ব্যতীত) | ১০ |
| | ৩৩০৭.৩০.০০ | সুগন্ধযুক্ত বাথ সল্ট এবং অন্যান্য গোসল সামগ্রী | ১০ |
| | ৩৩০৭.৪৯.০০ | কক্ষের দুর্গন্ধ দূরীকরণে ব্যবহৃত অন্যান্য সুগন্ধি সামগ্রী (আগরবাতি এবং সমজাতীয় পণ্য ব্যতীত) | ১০ |
| | ৩৩০৭.৯০.০০ | অন্যান্য | ১০ |
| ৪৮.১৩ | সংশ্লিষ্ট এইচ,এস,কোড | সিগারেট পেপার/বিড়ি পেপার (সাইজ মত কর্তিত হউক বা না হউক অথবা বুকলেট বা টিউবের আকারে) | ২০ |

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৬৯.০৭ | সকল এইচ,এস,কোড | অনুজ্জ্বল সিরামিক প্রস্তর ফলক এবং উনানের প্রস্তর অথবা দেয়ালের টাইলস; অনুজ্জ্বল সিরামিক মোজাইক কিউব এবং সমজাতীয় পণ্য, কোন বস্তুর উপর স্থাপিত হউক বা না হউক | ১৫ |
| ৬৯.০৮ | সকল এইচ,এস,কোড | উজ্জ্বল সিরামিক প্রস্তর ফলক এবং উনানের প্রস্তর অথবা দেয়ালের টাইলস; চকচকে সিরামিক মোজাইক কিউব এবং সমজাতীয় পণ্য, কোন বস্তুর উপর স্থাপিত হউক বা না হউক | ১৫ |
| ৬৯.১০ | সংশ্লিষ্ট এইচ, এস,কোড | সিরামিকের সিঙ্ক, বেসিন, প্যাডেস্টাল বেসিন, কমোড বা উহার অংশ, যে কোন ধরনের প্যান ও বাথরুমের অন্যান্য ফিটিংস ও ফিক্সার্স | ০ |
| | সংশ্লিষ্ট এইচ, এস,কোড | সিরামিকের বাথটাব ও জিকুজি, শাওয়ার, শাওয়ার ট্রে | ২০ |
| ৮৫.৩৯ | সংশ্লিষ্ট এইচ,এস, কোড | আলট্রা ভায়োলেট/ইনফ্রা-রেড ল্যাম্প ব্যতীত অন্যান্য ফিলামেন্ট ল্যাম্প | ০ |

**টেবিল-৩**

**(সেবা পর্যায়)**

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবাসমূহ | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| **S০০১** | **S০০১.০০** | **হোটেল ও রেস্তোঁরাঃ** | |
| | S০০১.১০ | **হোটেলঃ** আবাসন, খাদ্য বা পানীয় সরবরাহকালে যদি হোটেলে মদ জাতীয় পানীয় সরবরাহ করা হয় বা যে কোন ধরনের ‘‘ফ্লোর শো’’ এর আয়োজন করা হয় কেবল ঐ সকল বিলের উপর (বৎসরে একদিনের জন্য করা হইলেও) | ১০ |
| | S০০১.২০ | **রেস্তোঁরাঃ** খাদ্য বা পানীয় সরবরাহকালে যদি রেস্তোঁরায় মদ জাতীয় পানীয় সরবরাহ করা হয় বা যে কোন ধরনের ‘‘ফ্লোর শো’’ এর আয়োজন করা হয় কেবল ঐ সকল বিলের উপর (বৎসরে একদিনের জন্য করা হইলেও) | ১০ |
| S০১২ | S০১২.১০ | **টেলিফোনঃ** | |
| | | শুধুমাত্র মোবাইল ফোনের সিম/রিম কার্ড ব্যবহারের মাধ্যমে প্রদত্ত সেবা | ৫ |
| | S০১২.২০ | **সিম কার্ড সরবরাহকারীঃ** | ৩৫ |
| | | সেলুলার (Mobile/Fixed Wireless) টেলিফোনের ক্ষেত্রে সিম (Subscriber's Identity Module-SIM) কার্ড বা রিম (Removable User Identification Module-RUIM) কার্ড বা অনুরূপ অন্য কোন Microchip সম্বলিত কার্ড সরবরাহ অথবা একই উদ্দেশ্য পূরণকল্পে উল্লিখিত কার্ড ব্যতীত প্রতিবার Code Division Multiple Access (CDMA) বা অনুরূপ অন্য কোন পদ্ধতি ব্যবহার | |

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবাসমূহ | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| S০২৩ | S০২৩.১০ | **চলচ্চিত্র প্রদর্শক (প্রেক্ষাগৃহ)** | শূন্য |
| S০৩৮ | S০৩৮.০০ | **বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক** (দ্বিপক্ষীয় সাংস্কৃতিক বিনিময় কর্মসূচীর আওতায় আগত বিদেশী শিল্পী ও মূল ধারার বিদেশী শিল্পী সহযোগে আয়োজিত অনুষ্ঠান ব্যতীত) | ১০ |
| S০৩৯ | S০৩৯.২০ | **স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর** | ২৫। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
সিনিয়র সচিব।

মোঃ মজিবর রহমান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd